অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/26/2019 গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো জোন্স বিচে (JONES BEACH) অবসরে সম্মিলিত ব্যবহারের ভ্রমণ পথ সময়ের আগেই সম্পূর্ণ হওয়ার ঘোষণা দেন

নতুন 4.5-মাইল দীর্ঘ পথটি জোন্স বিচের ছবির মতো সুন্দর দৃশ্যাবলি দেখার সুযোগ দেয় এবং লং আইল্যান্ডজুড়ে বিদ্যমান পথগুলোর সাথে সংযোগ তৈরি করে

পথটি ভবিষ্যৎ জোন্স বিচ এনার্জি এন্ড নেচার সেন্টার (Jones Beach Energy and Nature Center) এবং ওয়েস্ট এন্ডের সংরক্ষণ এলাকার (West End Preservation Area) সাথে নতুন সংযোগ সৃষ্টি করে

প্রকল্পটি বাজেটের মধ্যে এবং নির্ধারিত সময়ের আগেই শেষ হয়েছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ জোন্স বিচে সম্মিলিত ব্যবহারের ভ্রমণ পথ সম্পূর্ণ হওয়ার ঘোষণা দেন, যা 4.5-মাইল দীর্ঘ একটি ভ্রমণ পথ যেটি হেঁটে চলা, স্কেট করা, দৌঁড়ানো এবং সাইকেল চালিয়ে যাওয়া লোকদেরকে নিউ ইয়র্কের অন্যতম সর্বাধিক বিখ্যাত ও নান্দনিক স্টেট পার্কের দৃশ্য উপভোগের সুযোগ করে দিবে। নতুন পথটি নির্ধারিত সময়ের ছয় মাস আগেই সম্পূর্ণ হয়েছে, এছাড়াও এটি লং আইল্যান্ডে বিদ্যমান ভ্রমণ পথগুলোর সাথে সংযোগ তৈরি করে যার ফলে ব্যবহারকারীদের জন্য শত শত মাইল বাড়তি পথ উপলব্ধ হয় এবং অধিকন্তু এই অঞ্চলে গ্রিন ট্রান্সপোর্টেশন বা সবুজে রূপান্তর (green transportation) কাজকে বিকশিত করে।

"যেহেতু উষ্ণতর আবহাওয়া ধেয়ে আসছে, এখন লং আইল্যান্ডের অধিবাসী এবং সেইসাথে পর্যটকগণ নিউ ইয়র্কের অন্যতম প্রাচুর্যময় আউটডোর স্থানগুলো ঘুরে দেখার জন্য একেবারে নতুন একটি পথ পাবেন", **গভর্নর কুওমো বলেন।** "আমাদের পার্ক এবং পরিবহন অবকাঠামোতে আমরা ঐতিহাসিক বিনিয়োগ করছি এবং এই পথটি নিউ ইয়র্কবাসীদের ব্যায়াম করার নতুন একটি জায়গা এবং জোন্স বিচের অনুপম দৃশ্য উপভোগের সুযোগ করে দিবে।"

"স্টেটজুড়ে আমাদের কমিউনিটিসমূহে পার্ক অতীব গুরুত্বপূর্ণ এবং জোন্স বিচ নিউ ইয়র্কের অন্যতম সর্বাধিক বিখ্যাত স্টেট পার্ক", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন, যিনি আজকের ঘোষণা করেছেন।** "সম্মিলিত ব্যবহারের পথটি হেঁটে চলা, স্কেট করা, দৌঁড়ানো এবং সাইকেল চালিয়ে যাওয়া লোকদের জন্য অতিরিক্ত 4.5-মাইল দীর্ঘ পথ প্রদান করছে যেখানে আটলান্টিক মহাসাগরের ছবির মতো নিখুঁত দৃশ্য চোখে পড়বে। প্রকল্পটি কোনো বাড়তি খরচ ছাড়াই নির্ধারিত সময়ের আগে

সম্পূর্ণ হয় এবং লং আইল্যান্ডের বিদ্যমান পথগুলোর সাথে সংযোগ সৃষ্টি করে, এতে মানুষ শত শত মাইল পথ ব্যবহারের সুযোগ পাচ্ছে যার ফলে পর্যটন বাড়ছে এবং অর্থনীতি সমৃদ্ধ হচ্ছে।"

নতুন পথটি জোন্স বিচের 6 নম্বর ফিল্ড থেকে শুরু হয়, তারপর ছবির মতো সুন্দর জোন্স বিচ ব্রডওয়াক (Jones Beach Boardwalk) ধরে ওয়েস্ট এন্ড 2 পর্যন্ত গিয়েছে, যেখানে নতুন জোন্স বিচ এনার্জি এন্ড নেচার সেন্টার নির্মিত হবে। পথটি আটলান্টিক মহাসাগরের নিসর্গের পাশাপাশি বিচের বনভূমির দৃশ্যও উপভোগের সুযোগ করে দেয়। ব্যবহারকারী এবং অতিক্রমকারী মোটর সাইকেল আরোহীদের নিরাপত্তার জন্য ট্রাফিক নিয়ন্ত্রণ সংকেত বসানো হয়েছে।

এছাড়াও পথটি বিদ্যমান সম্মিলিত ব্যবহারের পথ - সমুদ্রের পাশে ওশান পার্কওয়ে কোস্টাল গ্রিনওয়ে (Ocean Parkway Coastal Greenway) সম্মিলিত ব্যবহারের পথ এবং এলেনফেরেট মেমোরিয়াল বাইকওয়ে (Ellen Ferrant Memorial Bikeway) এবং ওশান পার্কওয়ে (Ocean Parkway) এবং ওয়ানটাহ স্টেট পার্কওয়েগুলোর (Wantagh State Parkway) সাথে সংযোগ সৃষ্টি করে যার ফলে ব্যবহারকারীদের জন্য লং আইল্যান্ডজুড়ে শত শত মাইল বাইসাইকেল রুট উপলভ্য হয়।

2017 সালের নভেম্বরে গভর্নর কুওমো কর্তৃক ঘোষিত 3.5 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পটি মূলত 2018 সালের গ্রীষ্মের সময় বন্ধ থাকবে বলে আশা করা হয়েছিল যাতে বিচের কর্মকাণ্ডের সাথে দ্বন্দ্ব সৃষ্টি না হয়। তবে, নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশন (New York State Department of Transportation, NYSDOT), স্টেট অফিস অব পার্কস, রিক্রিয়েশন এন্ড হিস্টোরিক প্রিজারভেশন (State Office of Parks, Recreation, and Historic Preservation) এর সাথে সমন্বিতভাবে কাজ করে পার্কে গমনকারীদের ন্যূনতম অসুবিধা দিয়ে সারা গ্রীষ্মে কাজ চালিয়ে নিতে সক্ষম হয়। কাজ চালিয়ে যাওয়ার ফলে প্রকল্পটি নির্ধারিত সময়ের আগেই তড়িৎ গতির জন্য কোনো বাড়তি খরচ ছাড়াই শেষ হয়।

নতুন পথটি সাম্প্রতিক বছরগুলোতে লং আইল্যান্ডের সম্মিলিত পথের শক্তিশালী নেটওয়ার্কে NYSDOT-তে ইতোমধ্যে যোগ করা 20 মাইলের অধিক পথের সাথে যোগ হয়েছে। এবং 2019 সালের শেষ নাগাদ আরেকটি পথ সম্পূর্ণ হওয়ার মাধ্যমে নাসাউ কাউন্টির হেম্পস্টেড শহরের নাসাউ এক্সপ্রেসওয়ে (স্টেট রুট 878) এর সাথে আরেকটি রুট যুক্ত হবে।

উপরন্তু, এই বছর পরবর্তীতে ওশান পার্কওয়ে কোস্টাল গ্রিনওয়ে সম্মিলিত ব্যবহারের পথের অতিরিক্ত 10 মাইলের নির্মাণকাজ শুরু হবে যা পরবর্তীতে অয়েস্টার বে শহরের টোবে বিচ (Tobay Beach) থেকে শুরু হয়ে ব্যাবিলন শহর অতিক্রম করে আইসলিপ শহরে ক্যাপট্রি স্টেট পার্কের (Captree State Park) ব্যারিয়ার আইল্যান্ডের শেষ প্রান্তে গিয়ে শেষ হবে।

ওয়েস্ট এন্ডের সংরক্ষণ এলাকা এবং জোন্স বিচ এনার্জি এন্ড নেচার সেন্টার

এছাড়াও জোন্স বিচের সম্মিলিত ব্যবহারের পথটি পার্কের বিখ্যাত বোর্ডওয়াক (Boardwalk) থেকে এর পুরনো ওয়েস্ট এন্ড পর্যন্ত একটি নতুন সংযোগ সৃষ্টি করবে, যেখানে জোন্স বিচের অনন্য উপকূলীয় পরিবেশ উদযাপন করার উদ্যোগ চলমান রয়েছে। ভারপ্রাপ্ত স্টেট পার্কস কমিশনার এরিক কুলেসেইড আজ জোন্স বিচ স্টেট পার্কের ওয়েস্ট এন্ডের 218.5 একর জায়গা স্টেটে বিরল বা দুর্লভ

এমন উদ্ভিদ ও প্রাণী বিদ্যমান থাকাসহ পার্কের যে অসামান্য বাস্তুসংস্থান সংক্রান্ত মূল্য তার স্বীকৃতিস্বরূপ আনুষ্ঠানিকভাবে পার্ক প্রিজারভেশন এরিয়া (Park Preservation Area) হিসেবে ঘোষণা দেন। পার্ক প্রিজারভেশন এরিয়া হিসেবে স্বীকৃতি পাওয়ার ফলে সকল অনন্য, বিরল, হুমকির মুখে থাকা অথবা বিলুপ্তপ্রায় প্রজাতির উদ্ভিদ ও প্রাণীসমূহের ব্যবস্থাপনা করা; হাইকিং, ফিশিং ও বার্ডিং এর মতো যথাযথ পরোক্ষ বিনোদনের সুযোগ সীমিত রাখা; এবং বৈজ্ঞানিক গবেষণা, শিক্ষা ও জনসাধারণের পরিবেশ সংক্রান্ত শিক্ষায় উৎসাহিত করার মাধ্যমে প্রিজারভেশন এরিয়ার বাস্তুসংস্থান সংক্রান্ত অখণ্ডতা বজায় রাখার উচ্চ স্তরের দায়িত্ব পালন করতে হবে।

এছাড়াও এই মাসে একটি নতুন জোন্স বিচ এনার্জি এন্ড নেচার সেন্টার নির্মাণের কাজ শুরু হবে ওয়েস্ট এন্ড 2 তে। নতুন, পরিবেশবান্ধব নকশায় তৈরি সেন্টারটিতে বিভিন্ন রকমের হাতে কলমে প্রদর্শনী ও প্রোগ্রামের আয়োজন থাকবে যেগুলো দর্শনার্থীদের লং আইল্যান্ডের বৈচিত্র্যময় বাস্তুতন্ত্রের মর্ম উপলব্ধি করতে এবং কিভাবে শক্তির সদ্ব্যবহার, পানি সংরক্ষণ এবং একটি অধিকতর প্রাণবন্ত ও টেকসই ভবিষ্যৎ নির্মাণ করতে হবে তা শিখতে সাহায্য করবে। আয়োজিত প্রদর্শনীসমূহ কিভাবে বিদ্যুৎ উৎপাদন ও বন্টন হয়; কিভাবে নবায়নযোগ্য শক্তির উৎসসমূহ গ্রিড ও বাড়িতে সংযুক্ত হয়; এবং কিভাবে ভোক্তাগণ আমাদের কার্বন ফুটপ্রিন্ট কমিয়ে আনতে অধিক দক্ষতার সাথে শক্তি ব্যবস্থাপনা করতে পারেন সে বিষয়ে আলোকপাত করা হবে।

এনার্জি এন্ড নেচার এডুকেশন সেন্টার (Energy and Nature Education Center), পাবলিক সার্ভিস এন্টারপ্রাইজ গ্রুপ লং আইল্যান্ড (Public Service Enterprise Group Long Island, PSEG Long Island) এর সাথে পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ, লং আইল্যান্ড পাওয়ার অথরিটি (Long Island Power Authority, LIPA), নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি (New York Power Authority) এবং বেসরকারি দাতাগণ পার্কের পরিবেশ সংক্রান্ত শিক্ষা প্রকল্পসমূহ সম্প্রসারিত ও সমৃদ্ধ করার জন্য আধুনিক স্থান প্রদান করবেন যার মধ্যে ভোক্তাদের পরোক্ষ ও নবায়নযোগ্য শক্তি কৌশল সম্পর্কে নির্দেশনা দেয়ার জন্য শ্রেণীকক্ষের স্থান অন্তর্ভুক্ত থাকবে। প্রদর্শনী ও প্রোগ্রামগুলো দর্শনার্থীদের পার্ক প্রিজারভেশন এরিয়া কী এবং কিভাবে স্বীকৃতির ফলে পার্ক এবং এর উদ্ভিদ ও প্রাণীকূল উপকৃত হবে তা শেখাবে। নতুন এনার্জি এন্ড নেচার এডুকেশন সেন্টারের প্রকল্প উপস্থাপনা এখানে পাওয়া যাবে। ফ্যাসিলিটিটি 2020 সালের শেষভাগে চালু হবে বলে আশা করা হচ্ছে।

মিডোব্রুক পার্কওয়ে গেটওয়ের (Meadowbrook Parkway Gateway) উন্নয়ন

জোন্স বিচে একটি অধিকতর অভ্যর্থনামূলক পরিবেশ তৈরিতে 3.9 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পের কাজ চলমান। প্রকল্পটি মিডোব্রুক পার্কওয়েতে একটি পরিত্যক্ত টোল প্লাজা উচ্ছেদ করবে এবং জোন্স বিচ স্টেট পার্কে দর্শনার্থীদের অভ্যর্থনা জানাতে একটি স্মারক গেটওয়ে সাইন নির্মাণ করবে।

1953 সালে নির্মিত আট লেনের টোল প্লাজা এবং ব্রিক অফিসটির কার্যক্রম 2017 সালে বন্ধ হয়ে যায়। প্রকল্পটি পার্ক গেটওয়ের পরিত্যক্ত স্থাপনাটি সরিয়ে দেবে এবং ট্রাফিক প্রবাহ উন্নয়নে সাহায্য করবে। অস্থায়ী লেন নির্মাণ করা হবে যেন জুনের শুরুতে কাজ চলাকালীন ট্রাফিক প্লাজার অন্যদিক দিয়ে ঘুরে যেতে পারে। এছাড়াও প্রকল্পটিতে নতুন ট্রাফিক পেভমেন্ট মার্কিং, সংকেত, ঝড়ের পানি নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন, সাইট পুনরুদ্ধার এবং লুপ পার্কওয়েতে একটি নতুনভাবে সজ্জিত প্রবেশদ্বার অন্তর্ভুক্ত আছে। প্রকল্পটি 2019 সালের সেপ্টেম্বরে শেষ হবে বলে আশা করা হচ্ছে।

অধিকন্তু, স্টেট পার্ক জোন্স বিচে একটি তৃতীয় গেটওয়ে সাইন নির্মাণ করছে, ওয়ানটাহ এবং ওশান পার্কওয়েতে (Wantagh and Ocean Parkways) যেমন নির্মিত হয়েছে সেগুলোর মতো। "গেটওয়ে টু জোন্স বিচ" সংকেতগুলো বিদ্যুৎ সাশ্রয়ী LED লাইট দিয়ে আলোকিত করা হয়েছে এবং পার্কের বৈশিষ্ট্যময় আর্ট ডেকো স্টাইলের সাথে মিশে যাওয়ার উদ্দেশ্যে নকশা করা হয়েছে। স্যান্ডস্টোন এবং বারবিযোন ব্রিক পার্কের স্বপ্নদ্রষ্টা রবার্ট মোজেস কর্তৃক আইকনিক ওয়াটার টাওয়ার (Iconic Water Tower), পূর্ব ও পশ্চিমের বাথহাউজ এবং পার্কজুড়ে অন্যান্য ভবনের জন্য নির্বাচিত উপাদানের সাথে মিলে যায় এবং বর্ণের বিন্যাস পার্কের ঐতিহাসিক সাইনগুলোর সাথে মিলে যায়।

ভারপ্রাপ্ত স্টেট পার্কস কমিশনার এরিক কুলেসেইড বলেন, "জোন্স বিচে সম্মিলিত ব্যবহারের পথটি সাইক্লিস্ট, রানার, হাইকার এবং অন্যান্যদের জন্য লং আইল্যান্ডের এই নৈসর্গিক এলাকা ঘুরে দেখা ও উপভোগ করার এক চমৎকার নতুন উপায়। সম্মিলিত ব্যবহারের পথ, ভবিষ্যৎ এনার্জি এন্ড নেচার সেন্টার এবং ওয়েস্ট এন্ড সবগুলো জোন্স বিচ স্টেট পার্ককে পুনরুজ্জীবিত করার কাজের অংশ, যা দর্শনার্থীদের জন্য পার্ক ঘুরে দেখার এবং এর প্রাকৃতিক, ঐতিহাসিক ও নান্দনিক সৌন্দর্য উদযাপন করার নতুন পথ সৃষ্টি করে।"

সেনেটর জন ব্রুকস বলেন, "বাইক ট্রেইলগুলো অনেকের জন্য উপভোগ্য বিনোদনের সুযোগ দিয়ে থাকে। এখানে লং আইল্যান্ডে আমাদের অনেক সুন্দর পার্ক ও বিচ রয়েছে। বাইকে চড়ে বা কেবল ট্রেইল ধরে হেঁটে উপলব্ধ হওয়া প্রাকৃতিক সৌন্দর্য ও আমাদের স্টেট পার্ক সিস্টেম উপভোগ করার জন্য আকৃষ্ট করবে।"

অ্যাসেম্বলি মেম্বার ডেভিড ম্যাকডোনাহ বলেন, "নতুন জোন্স বিচ স্টেট পার্ক সম্মিলিত ব্যবহারের পথ যা বাইসাইক্লিস্ট, জগার, সেই সাথে স্কেটারদের জন্য প্রাকৃতিক সবুজ পথে পার্কের সৌন্দর্য উপভোগ এবং পরিবেশকে সমৃদ্ধ করার উদ্দেশ্যে নির্মিত হয়েছে, উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত থাকতে পারা একটি বিশেষ সম্মান। জোন্স বিচ স্টেট পার্ক সবসময়ই নিউ ইয়র্ক স্টেট পার্কস ডিপার্টমেন্টের (NYS Parks Department) মুকুটের মণি হয়ে আছে, এই সংযোজন কেবল পার্ক ভ্রমণের অভিজ্ঞতাকে সমৃদ্ধ করবে।"

নাসাউ কাউন্টি এক্সিকিউটিভ লরা কারান বলেন, "নতুন সম্মিলিত ব্যবহারের পথটি জোন্স বিচকে অধিকতর নিরাপদ, পরিষ্কার এবং সাইক্লিস্ট ও পথচারীদের জন্য অধিকতর উপলব্ধ এবং পরিবারবর্গের জন্য অধিকতর আনন্দময় করবে। নাসাউ কাউন্টি এই ধরনের প্রকল্প যেগুলো আমাদের বাসিন্দাদের জন্য অতিরিক্ত পরিবহনের সুবিধা দিয়ে থাকে সেগুলোর সহায়তায় প্রতিশ্রুতিবদ্ধ।"

হ্যাম্পস্ট্যাড টাউন সুপারভাইজার লরা গিলেন বলেন, "নতুন পথটি নিঃসন্দেহে দক্ষিণ উপকূলের রত্নস্বরূপ আমাদের খোলা বিচ ও তটরেখা উপভোগের অধিকতর দূষণমুক্ত সুযোগ প্রদান করবে। আমি স্টেটে আমাদের অংশীদারগণকে গাড়ি চালানোর এমন আনন্দদায়ক, নিরাপদ স্বাস্থ্যকর সুযোগ প্রদান করার জন্য ধন্যবাদ জানাই।"

লং আইল্যান্ড পাওয়ার অথরিটি (LIPA) এর প্রধান নির্বাহী কর্মকর্তা থমাস ফ্যালকোন বলেন, "জোন্স বিচ সম্মিলিত ব্যবহারের পথ দর্শনার্থীদের জোন্স বিচ এনার্জি এন্ড নেচার সেন্টারের সাথে সংযুক্ত করবে যখন 2020 সালে সেটি চালু হবে। LIPA দর্শনার্থীদের শক্তি সম্পর্কে এবং কিভাবে আমরা আগত প্রজন্মগুলোর জন্য আমাদের আইল্যান্ডকে স্বাভাবিক অবস্থায় রাখার বিষয়ে অবদান রাখতে পারি সে বিষয়ে শিখতে সাহায্য করতে পেরে উদ্দীপিত। এই উভয় সংযোজন জোন্স বিচকে একটি উঁচুমানের লং আইল্যান্ড বিনোদন গন্তব্যে পরিণত করেছে। আমি লং আইল্যান্ডের পার্কগুলোতে গভর্নর কুওমোর অব্যাহত বিনিয়োগের জন্য তার প্রশংসা করছি।"

PSEG লং আইল্যান্ডের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ড্যান আইকোর্ন বলেন, "PSEG লং আইল্যান্ডে আমরা এটা দেখে খুশি যে সম্মিলিত ব্যবহারের পথটি সময়ের আগেই সম্পূর্ণ হয়েছে। আমরা আমাদের সরকারি ও বেসরকারি অংশীদারগণের সাথে কাজ করে চলেছি একটি নতুন জোন্স বিচ এনার্জি এন্ড নেচার সেন্টার তৈরির জন্য যেটি সবাইকে শক্তি সংরক্ষণ ও প্রকৃতির সুরক্ষায় উৎসাহিত করবে এবং আমি মানুষকে এই শিখন অভিজ্ঞতার জন্য প্রস্তুত করার ক্ষেত্রে এই নতুন পথটি ধরে নান্দনিক ওয়েস্ট এন্ডের সংরক্ষণ এলাকার মধ্য দিয়ে হাঁটার চেয়ে ভালো কোনো উপায় আছে বলে মনে করি না।"

প্রকল্পটি ঐতিহাসিক জোন্স বিচ স্টেট পার্ক পুনরুজ্জীবিত করার কাজ চালু করেছে। 2011 সাল থেকে স্টেট পার্ক 50 মিলিয়ন মার্কিন ডলারের অধিক জোন্স বিচ স্টেট পার্কের ঐতিহাসিক রাজকীয়তা পুনরুদ্ধার প্রকল্প, নতুন দর্শনার্থীদের আকৃষ্ট করা এবং বহুবর্ষব্যাপী পুনরুজ্জীবিতকরণ পরিকল্পনার অংশ হিসেবে নতুন বিনোদন ফ্যাসিলিটি সৃষ্টির জন্য ব্যয় করেছে। সম্পূর্ণ হওয়া প্রকল্পগুলোর মধ্যে আছে ওয়েস্ট বাথহাউজ কমপ্লেক্স (West Bathhouse Complex) এবং ফিল্ড 6 এর পুনর্বাসন, ঐতিহাসিক সেন্ট্রাল মল মোজাইক (Central Mall mosaics) পুনরুদ্ধার, ওয়েস্ট গেমস এরিয়া (West Games Area) এবং জাক'স বে (Zach's Bay) তে নতুন খেলার মাঠ, নতুন গেটওয়ে সংকেত এবং নতুন বোর্ডওয়াক ক্যাফে রেস্টুরেন্ট (Boardwalk Café restaurant) সম্পূর্ণ হওয়া অন্তর্ভুক্ত। পার্কের উন্নয়ন গভর্নর কুওমোর স্টেট পার্ক সিস্টেম পুনরুজ্জীবিত করার নিউ ইয়র্ক পার্কস 2020 (NY Parks 2020) প্রতিশ্রুতির প্রতিফলন।

কর্ম অঞ্চলসমূহে (Work Zone) গতিসীমা অতিক্রম করার জরিমানা দ্বিগুণ এ কথা জানিয়ে মোটর চালকদের সতর্ক করা হয়েছে। 2005 সালের ওয়ার্ক জোন সেফটি অ্যাক্ট (Work Zone Safety Act) অনুসারে কোনো ব্যক্তি যদি কর্ম অঞ্চলে দুই অথবা তার বেশি বার গতিসীমা অতিক্রম করে তাহলে ব্যক্তির ড্রাইভিং লাইসেন্স বাতিল করা হতে পারে।

আরও আপ-টু-ডেট তথ্যের জন্য, কল করুন 511 নম্বরে, দেখুনhttps://protect2.fireeye.com/url?k=65457507-396341b3-65478c32-000babd9fe9f-ea5eb9916bbf1a5e&u=http://www.511ny.org/অথবা মোবাইল সাইটে [m.511ny.org](m.511ny.org)।

টুইটারে নিউ ইয়র্ক স্টেট DOT ফলো করুন @NYSDOT এবং @NYSDOTLI। ফেসবুকে আমাদের খুঁজে পাবেন facebook.com/NYSDOT।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov

নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন